গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

নং- ৪১.০০.০০০০.০৫৫.১৪.০১৬.১৬-১৪৪

১২ ভাদ্র ১৪২৫
২৭ আগস্ট ২০১৮

বিষয় : "বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন নীতিমালা/২০১৮ (সংশোধিত ও পরিমার্জিত) অনুমোদন।

সুত্রঃ নং-৪১.০১.০০০০.০০০.২২.০০১.১৮.১৮, তারিখ-২৫.০৭.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত ও পরিমার্জিত) অনুমোদন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ নীতিমালা

২৭/৮/১৮

এস. এম. গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
ফোন -৯৫৭৭২৫২।
ই-মেইলঃ mswplanone@gmail.com

মহাপরিচালক,
সমাজসেবা অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. প্রকল্প পরিচালক, "বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন" শীর্ষক প্রকল্প,সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. অফিস কপি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন** প্রকল্প

# বাস্তবায়ন নীতিমালা

প্রস্তাবিত সংশোধনী-(পরিমার্জিত) **২০১৮**

## Manual: Development of the living standard of the marginal people of Bangladesh.

**সমাজসেবা অধিদফতর**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বত্ব@২০১৮

বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদফতর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

**উপদেষ্টা**

গাজী মোহাম্মদ নূরুল কবির (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

রূপন কান্তি শীল, অতিরিক্ত সচিব (উন্নয়ন, আইন ও সংস্থা) সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সংশোধনী সম্পাদনা**

মোহাঃ কামরুজ্জামান, প্রকল্প পরিচালক, বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প ও উপপরিচালক, ইউসিডি, সদর দফতর, ঢাকা

মোসাঃ দৌলতুন নেসা, সমাজসেবা অফিসার, ইউসিডি শাখা, সদর দফতর, ঢাকা।

**সার্বিক সমন্বয়:**

এবিএম সফিকুল হায়দার, উপপ্রধান (পরিকল্পনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

এস এম গোলাম রব্বানী, সিনিয়র সহকারি প্রধান (পরিকল্পনা-১), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

মোহাঃ কামরুজ্জামান, প্রকল্প পরিচালক, বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প ও উপপরিচালক (ইউসিডি), সদর দফতর,

ঢাকা।

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মুদ্রণ**

কপি-৫০০

# সূচিপত্র

| অনুচ্ছেদ | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|

| নম্বর | | |
|---|---|---|
| ১ | পটভূমি | ৪ |
| ২ | সংজ্ঞা | ৪ |
| ৩ | প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | ৪ |
| ৪ | সুনির্দিষ্ট কার্যক্রমসমূহ | ৪ |
| ৫ | কার্যএলাকা | ৫ |
| ৬ | বাস্তবায়ন কর্তৃপক্ষ | ৫ |
| ৭ | সমীক্ষা/তথ্য সংগ্রহ | ৫ |
| ৮ | প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে গৃহিত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া | ৫ |
| | ৮.১. তালিকা ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি | ৫ |
| ৯ | প্রশিক্ষণ | ৬ |
| | ৯.১. প্রান্তিক জনগোষ্ঠীকে প্রশিক্ষণ প্রদান | ৬ |
| | ৯.২. প্রশিক্ষণের ধরণ | ৬ |
| | ৯.৩. প্রশিক্ষণ মডিউল | ৬ |
| | ৯.৪. প্রশিক্ষণ ট্রেডসমূহ | ৬-৭ |
| | ৯.৫. প্রশিক্ষণ পদ্ধতি | ৭ |
| | ৯.৬. প্রশিক্ষণার্থী নির্বাচন পদ্ধতি | ৭ |
| | ৯.৭. আর্থিক অনুদান | ৭ |
| | ৯.৮. আর্থিক লেনদেন পরিচালনা | ৭ |
| | ৯.৯. পরিবীক্ষণ ও মূল্যায়ন | ৭-৮ |
| ১০ | প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য কমিটিসমূহ | ৮ |
| | ১০.১ ইউনিয়ন কমিটি | ৮ |
| | ১০.১.১ ইউনিয়ন পরিষদ কমিটির গঠন | ৮ |
| | ১০.১.২ কমিটির কর্মপরিধি | ৮ |
| | ১০.২ উপজেলা কমিটি | ৮ |
| | ১০.২.১ উপজেলা কমিটির গঠন | ৮-৯ |
| | ১০.২.২ উপজেলা কমিটির কর্মপরিধি | ৯ |
| | ১০.৩ পৌরসভা কমিটি (সকল শ্রেণীর পৌরসভার জন্য) | ৯ |
| | ১০.৩.১ পৌরসভা কমিটির গঠন | ৯ |
| | ১০.৩.২ পৌরসভা কমিটির কর্মপরিধি | ৯-১০ |
| | ১০.৪ জেলা স্টিয়ারিং কমিটি | ১০ |
| | ১০.৪.১ জেলা স্টিয়ারিং কমিটির গঠন | ১০ |
| | ১০.৪.২ জেলা স্টিয়ারিং কমিটির কর্মপরিধি | ১০ |
| ১১ | নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা | ১০ |
| ১২ | প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত ফরম/রেজিস্টার এর নমুনা | ১১ - ১৫ |


মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

# বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন নীতিমালা

**০১. পটভূমি:**

প্রান্তিক জনগোষ্ঠী বাংলাদেশের মোট জনসংখ্যার একটি ক্ষুদ্র অংশ হলেও আবহমানকাল থেকেই এ জনগোষ্ঠী অবহেলিত ও অনগ্রসর হিসেবে পরিচিত। অথচ প্রাচীন বাংলার অর্থনৈতিক কর্মকান্ডের একটি উল্লেখযোগ্য অংশ এদের মাধ্যমে পরিচালিত হত। এমনকি প্রাচীন বাংলার নাগরিক জীবনের সাথে উল্লিখিত সম্প্রদায়ের কর্মকান্ড ওতপ্রোতভাবে জড়িত ছিল। দৈনন্দিন জীবন থেকে সাংস্কৃতিক কর্মকান্ড সর্বত্রই এরা বিরাজমান। বংশ পরম্পরায় এরা পেশাটি ধারণ করে নিজের জীবন জীবিকা পরিচালনা করছে। বর্তমান প্রযুক্তির উৎকর্ষতার যুগে এ সকল সম্প্রদায়ের মানুষ প্রতিযোগিতায় হেরে যাচ্ছে। প্রতিযোগিতায় হারার সাথে সাথে এরা তাদের আর্থিক উৎস থেকে ছিটকে পড়ছে। ফলশ্রুতিতে কর্মক্ষম মানুষগুলি দিনদিন বেকার হয়ে যাচ্ছে। প্রযুক্তির সংস্পর্শে এনে যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে এদের পেশাকে আধুনিকায়ন করে বেকারত্ব দূর করা যায়। অথবা প্রযুক্তিগত অন্য কোন পেশায় প্রশিক্ষিত করে কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করা যায়। তখন কারিগরী জ্ঞান সম্পন্ন এ সকল মানুষগুলো আধুনিক বাংলার অর্থনৈতিক কর্মকান্ডেও উল্লেখযোগ্য অবদান রাখার সুযোগ পেয়ে নবজীবন লাভ করবে। ফিরে আসবে গ্রাম ভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ডের জোয়ার। পশ্চাদপদ জনগোষ্ঠীর উন্নয়নের সাথে সাথে এগিয়ে যাবে বাংলাদেশ। এ চিন্তা ধারণ করে প্রান্তিক (কামার, কুমার, নাপিত, বাঁশ ও বেত প্রস্তুতকারক, কাঁশা/পিতল প্রস্তুতকারী, জুতা মেরামত/প্রস্তুতকারী, নকশী কাঁথা প্রস্তুতকারী এবং লোক শিল্প (গম্ভীরা, আলকাপ, নকশী হাতপাখা,শখের হাড়ি তৈরী ও নকশা আঁকা, ভাওয়ায়া, ভাটিয়ালী, বাউল গান, শীতলপাটি বা সমজাতীয় শিল্প) জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একটি যুগোপযোগী নীতিমালা প্রণয়ন ও তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**০২. সংজ্ঞা:**

প্রান্তিক জনগোষ্ঠী বলতে কামার, কুমার, নাপিত, বাঁশ ও বেত প্রস্তুতকারক, কাঁশা/পিতল প্রস্তুতকারী, জুতা মেরামত/প্রস্তুতকারী, নকশী কাঁথা প্রস্তুতকারী এবং লোক শিল্প (গম্ভীরা, আলকাপ, নকশী হাতপাখা,শখের হাড়ি তৈরী ও নকশা আঁকা, ভাওয়ায়া, ভাটিয়ালী, বাউল গান, শীতলপাটি বা সমজাতীয় শিল্প) এ জাতীয় পেশা ধারণ করে যে সকল পরিবার বংশ পরম্পরায় জীবিকা নির্বাহ করছে তাদেরকে বুঝাবে। তবে পরবর্তীতে সরকারি আদেশের দ্বারা অন্য কোন পেশাকে অন্তর্ভুক্ত করলে তা এর আওতাভুক্ত হিসেবে পরিগণিত হবে।

**০৩. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:** প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ:

১. বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর সাংবিধানিক অধিকার নিশ্চিতকরণ;
২. প্রশিক্ষণের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধন মূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে বেকারত্ব দূর করা;
৩. তাদের আদি পেশার টেকসই উন্নয়নে আর্থিক সহায়তার জন্য মূলধন প্রদান;
৪. প্রান্তিক জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা;
৫. অর্থনৈতিক স্বাবলম্বিতার সাথে সামাজিক মর্যাদা বৃদ্ধি করা; পিছিয়ে পড়া ক্ষুদ্র পেশাজীবি সম্প্রদায়কে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণ।

নিজস্ব পেশার টেকসই উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করে পেশার মান উন্নয়নে একক/দল ভিত্তিক এককালীন অনুদান প্রদান করা হবে।

**০৪. সুনির্দিষ্ট কার্যক্রমসমূহ:**

১. প্রান্তিক জনগোষ্ঠী যারা আদি ক্ষুদ্র পেশায় নিয়োজিত তাদের সঠিক সংখ্যা নিরূপন;
২. ১৮ বছরের উর্ধ্বে প্রান্তিক জনগোষ্ঠীকে উপার্জনের সক্ষমতা বৃদ্ধির জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান;
৩. প্রান্তিক জনগোষ্ঠীর কাজের সুযোগ সৃষ্টি ও আত্মকর্মসংস্থানের ক্ষেত্র প্রস্তুত করণ;
৪. তাদের আদি পেশার টেকসই উন্নয়নে আর্থিক সহায়তার জন্য এককালীন অনুদান প্রদান;
৫. তাদের বসবাসের উপযোগী পরিবেশ তৈরীতে সার্বিক সহযোগিতা প্রদান;
৬. স্থানীয় জনপ্রশাসনকে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সম্পৃক্তকরণ।
৭. টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিতকল্পে প্রান্তিক জনগোষ্ঠীকে উপযুক্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে যথোপযুক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;
৮. প্রান্তিক জনগোষ্ঠীকে উপযুক্ত পেশা ও আদি পেশায় নিয়োজিত করার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ; এবং
৯. উদ্যোক্তা তৈরী।

মোসাঃ [illegible] নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

**০৫. কার্য এলাকা:**

দেশের ৮(আট) বিভাগের ৮টি জেলার (কিশোরগঞ্জ, কুমিল্লা, সিরাজগঞ্জ, বাগেরহাট, সুনামগঞ্জ, লালমনিরহাট, বরগুনা ও শেরপুর) সকল উপজেলা ও পৌরএলাকায় প্রকল্পটি বাস্তবায়িত হবে। তবে পরবর্তীতে সরকারি আদেশের দ্বারা অন্য কোন জেলা অন্তর্ভুক্ত হলে তা এর আওতাভুক্ত হিসেবে পরিগণিত হবে।

**০৬. বাস্তবায়ন কর্তৃপক্ষ:**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর ' বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করবে। এ বাস্তবায়ন প্রক্রিয়া জেলা সমাজসেবা কার্যালয় এবং উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়সমূহের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল এবং জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী সরকার স্থানীয় সরকার (নির্বাচিত জনপ্রতিনিধি) এর সহায়তা গ্রহণ করবে।

(খ) প্রকল্প কার্যক্রম স্থানীয়ভাবে তদারকির নিমিত্ত উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা স্টিয়ারিং কমিটি গঠিত হবে।

(গ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম 'বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নে সমাজসেবা অধিদফতরকে কারিগরি সহায়তা প্রদান করবে।

**০৭. সমীক্ষা/তথ্য সংগ্রহ:**

প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে গৃহীত কার্যক্রমে জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নে তথ্য সংগ্রহ ও ডাটা বেইজ প্রণয়নের লক্ষ্যে সমাজসেবা অধিদফতরের নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহ নির্ধারিত ফরম অনুযায়ী তালিকা প্রস্তুত করবে। এতদুদ্দেশ্যে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়ে একটি নিবন্ধন বহি সংরক্ষিত থাকবে। সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা নিয়মিতভাবে ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলা নির্বাচন অফিস এবং পরিসংখ্যান বিভাগ হতে বর্ণিত জনগোষ্ঠীর বিষয়ে তথ্য সংগ্রহ করে প্রতিবছর বর্ণিত তালিকা হালনাগাদ করবেন এবং এসংক্রান্ত তথ্য প্রতিবেদন আকারে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বিভাগীয় পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, প্রকল্প পরিচালক, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প ও মহাপরিচালক সমাজসেবা অধিদফতর বরাবরে প্রেরণ করবেন। সফটওয়ার কেন্দ্রিক ডাটা বেইজ ব্যবস্থা চালু হলে বর্ণিত জনগোষ্ঠীর তথ্য সংগ্রহ করে সফটওয়ারে এন্ট্রি দিয়ে তথ্য হালনাগাদ করবেন। এটুআই প্রকল্প এ প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে বেসলাইন স্টাডি ও সময়ে ইমপ্যাক্ট স্টাডি পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করবে। প্রকল্পের কার্যক্রম মনিটরিং এবং মেন্টরিং করার জন্য এটুআই প্রোগ্রাম কর্তৃক তৈরিকৃত স্কিলস পোর্টালের সহায়তা নেওয়া যেতে পারে। অনলাইন মনিটরিং করার ক্ষেত্রে স্কিলস পোর্টালে পৃথক মডিউল তৈরি করা হবে।

**০৮. প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে গৃহিত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া:**

**৮.১. তালিকা ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি:**

১. প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বছর ভিত্তিক বরাদ্দকৃত অর্থের হিসাব সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কার্যালয় একটি পৃথক ক্যাশবহি লিপিবদ্ধ ও সংরক্ষণ করবে।

২. প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে গঠিত সকল পর্যায়ের কমিটি গৃহীত সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী আকারে পৃথক রেজিস্টারে সংরক্ষণ করবে।

৩. প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত ওস্তাদ-সাগরিত/প্রশিক্ষণার্থী ও আর্থিকভাবে অনুদান প্রাপ্তদের/সুবিধাভোগীদের ছবিযুক্ত তালিকা নির্ধারিত রেজিস্টারে সংরক্ষণ করবে।



মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**৯. প্রশিক্ষণ:**

**৯.১.** প্রান্তিক জনগোষ্ঠীকে প্রশিক্ষণ প্রদান :

**প্রান্তিক জনগোষ্ঠী তাদের সক্ষমতার পূর্ণ সদ্বব্যবহার না করতে পারায়, মানবসম্পদ হিসেবে দেশের সার্বিক উন্নয়নে কাঙ্ক্ষিত অবদান রাখতে পারছেনা। অথচ প্রাচীন বাংলার অর্থনৈতিক কর্মকান্ডের একটি উল্লেখযোগ্য অংশ এদের মাধ্যমে পরিচালিত হত। বর্তমান প্রযুক্তির উৎকর্ষতার যুগে এ সকল সম্প্রদায়ের মানুষ প্রতিযোগিতায় হেরে যাচ্ছেন। প্রতিযোগিতায় হারার সাথে সাথে এরা তাদের আর্থিক উৎস থেকে ছিটকে পড়ছে। ফলশ্রুতিতে কর্মক্ষম মানুষগুলি দিনদিন বেকার হয়ে যাচ্ছে। প্রযুক্তির সংস্পর্শে এনে আদি পেশায় যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে এদের পেশাকে আধুনিকায়নের মাধ্যমে বেকারত্ব দূর করা যায়। অথবা প্রযুক্তিগত অন্য কোন পেশায় প্রশিক্ষিত করে কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করা যায়। তখন কারিগরী জ্ঞান সম্পন্ন এ সকল মানুষগুলো আধুনিক বাংলার অর্থনৈতিক কর্মকান্ডেও উল্লেখযোগ্য অবদান রাখার সুযোগ পেয়ে নবজীবন লাভ করবে। ফিরে আসবে গ্রাম ভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ডের জোয়ার। পশ্চাদপদ জনগোষ্ঠীর উন্নয়নের সাথে সাথে এগিয়ে যাবে বাংলাদেশ। এ লক্ষ্যে ১৮** হতে ৫০**বছরের কর্মক্ষম প্রান্তিক জনগোষ্ঠীকে চিহ্নিত করে স্ব-স্ব পেশার তালিকাভুক্ত ওস্তাদ ও ওস্তাদের অধীন প্রতিষ্ঠানে স্বল্প ও দীর্ঘমেয়াদি হাতে কলমে Apprenticeship** (On-the-Job) **প্রশিক্ষণের মধ্য দিয়ে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে। যার মাধ্যমে** NTVQF-১ (National Training and Vocational Qualifications Framework) **সনদ পত্র পাবে।**

**৯.২. প্রশিক্ষণের ধরণ:**

দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে, লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে আয়বর্ধক প্রকল্পর সাথে সম্পৃক্ত করে তাদের জীবন-জীবিকার মান উন্নয়ন ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা। সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয় উপজেলা প্রশাসনের সহায়তা নিয়ে স্থানীয় বাজার চাহিদার পরিপ্রেক্ষিতে বিবেচনা করে কারিগিরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কম্পিটেন্সি ষ্ট্যান্ডার্ড লগ বুক (সিএসএলবি) অনুযায়ী উক্ত ৬টি আদি পেশার ব্যক্তিদের নিজ পেশার মান উন্নয়নে ৩ থেকে ৬ মাস (৩৬০ ঘণ্টা) হাতে কলমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে।

অথবা

বিএমইটি/বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড এর সিলেবাস বা কারিকুলাম বা প্রশিক্ষণ মডিউল অনুসরণপূর্বক অন্যূন ৩ থেকে ৬ মাস মেয়াদি (৩৬০ ঘন্টার) প্রশিক্ষণ কোর্স জানুয়ারি-মার্চ, এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর ও অক্টোবর-ডিসেম্বর অথবা জানুয়ারি-জুন, জুলাই-ডিসেম্বর সেশনে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে ওস্তাদের অধীনে প্রশিক্ষণ প্রদান করা হবে।

**৯.৩. প্রশিক্ষণ মডিউল:**

বিএমইটি/সমাজসেবা অধিদফতর/বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক প্রত্যয়িত সিলেবাস/মডিউল অনুযায়ী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পরিচালিত হবে।

**৯.৪. প্রশিক্ষণ ট্রেডসমূহ। যথা:**

| ক্রম | ট্রেড'এর নাম | আদি পেশার নাম |
|---|---|---|
| ১. | হেয়ার ড্রেসিং/ বিউটি কেয়ার | নাপিত |
| ২. | কুমার (মৃৎ শিল্প)/ ফর্মিং, বডি গ্লেজিং এন্ড ডেকোরেশন | কুমার |
| ৩. | জুতা মেরামত/প্রস্তুতকারী (ফুটওয়ার প্রোডাকশন এন্ড মেইন্টেনেন্স)/ লেদার গুডস এন্ড ফুট ওয়ার | জুতা মেরামত/প্রস্তুতকারী |
| ৪. | বাঁশ ও বেত প্রস্তুতকারক/ বেম্বু এন্ড কেন ওয়ার্কস | বাঁশ ও বেত প্রস্তুতকারক |
| ৫. | কাঁসা/পিতল প্রস্তুতকারী/ ব্রাসওয়ার প্রোডাকশন | কাঁসা/পিতল প্রস্তুতকারী |
| ৬. | কামার/ ব্ল্যাক স্মিথ | কামার |
| ৭. | লোকশিল্প (গম্ভীরা, আলকাপ, নকশী হাতপাখা,শখের হাড়ি তৈরী ও নকশা আঁকা, ভাওয়ায়া, ভাটিয়ালী, বাউল গান, শীতলপাটি বা সমজাতীয় শিল্প) | লোকশিল্প |
| ৮. | নকশী কাঁথা শিল্প | নকশী কাঁথা প্রস্তুতকারক |

মোছাঃ কোহিনুর নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এছাড়াও ভবিষ্যতে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কার্যালয় স্থানীয় চাহিদার পরিপ্রেক্ষিত বিবেচনা করে সমাজসেবা অধিদফতরের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রসমূহে/সরকারী প্রত্যায়িত প্রতিষ্ঠানে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক কম্পিটেন্সি ষ্ট্যান্ডার্ড অনুসরণ করে ট্রেড অনুযায়ী অনুরূপ নামকরণ ও সিলেবাস অনুসরণ করে ট্রেড চালু করতে পারবে।

**৯.৫. প্রশিক্ষণ পদ্ধতি:**

কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড লগ বুক (সিএসএলবি) বিবেচনায় রেখে একটি পূর্ণাঙ্গ বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। প্রকল্প পরিচালক সমাজসেবা অধিদফতর হতে অনুমোদিত হারে প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় প্রকল্প হতে বহন করবে। জেলা ও উপজেলা কমিটির তদারকির মাধ্যমে জেলা ও উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় প্রশিক্ষণের ব্যবস্থা করবে। প্রান্তিক জনগোষ্ঠীর **১৫%** পরিবারের প্রতিনিধি সদস্যকে পরিবার প্রতি ১জন করে **বা পরবর্তীতে সরকারী আদেশের দ্বারা নির্ধারিত সংখ্যক ব্যক্তিকে** প্রশিক্ষণ প্রদান করা হবে এবং প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ সমাপনান্তে ৫০০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণের ক্ষেত্রে শিক্ষানবিশ প্রশিক্ষণ পদ্ধতি অনুসরণ করা হবে। উপজেলা পর্যায়ে প্রতি ব্যাচে ৪০ জন করে শিক্ষানবিশ নির্বাচন করা হবে যাঁরা স্বস্ব পেশার তালিকাভুক্ত ওস্তাদ ও তাদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বল্প ও দীর্ঘমেয়াদি হাতে কলমে **Apprenticeship (On-the-Job)** (১*২ হারে) ওস্তাদের অধীনে ৩-৬ মাস প্রশিক্ষণ গ্রহণ করবে। প্রশিক্ষণ সমপনান্তে যথোপযুক্ত পরীক্ষা গ্রহণ করে বিএমইটি/বাকাশিবো কর্তৃক সনদ প্রদান করা হবে।

**৯.৬. প্রশিক্ষণার্থী নির্বাচন পদ্ধতি:** প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক প্রান্তিক জনগোষ্ঠীর নিকট থেকে আবেদন পত্র আহবান করা হবে। আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত ফরমে শহর/উপজেলা সমাজসেবা কর্মকর্তা বরাবর আবেদন করবেন। প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে চরম দারিদ্র সীমার নীচে বসবাসকারী কর্মক্ষম প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়া হবে। চরম দারিদ্র সীমার নীচে বসবাসকারী আগ্রহী প্রার্থী না পাওয়া গেলে দারিদ্র সীমার নীচে বসবাসকারী কর্মক্ষম প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়া হবে। ইউনিয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রাথমিক তালিকা এবং আবেদনসমূহ যাচাই-বাছাই পূর্বক শহর/উপজেলা কমিটি প্রশিক্ষণার্থী নির্বাচন করে তালিকা চূড়ান্ত করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।

**৯.৭. আর্থিক অনুদান:** প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে প্রান্তিক জনগোষ্ঠীর ৫০% পরিবারকে (পরিবার প্রতি ১জন) জনপ্রতি আদি পেশার টেকসই উন্নয়নের জন্য ১৮,০০০/-(আঠার হাজার) টাকা অথবা ৫ জনের গ্রুপে ৯০০০০/- (নব্বই হাজার) টাকা মূলধন পূঁজি হিসাবে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হবে। অনুদান প্রদানের ক্ষেত্রে স্ব পেশায় প্রশিক্ষণ গ্রহণকারী চরম দারিদ্রসীমার নীচে বসবাসকারী প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়া হবে। চরম দারিদ্রসীমার নীচে বসবাসকারী আগ্রহী প্রার্থী না পাওয়া গেলে দারিদ্রসীমার নীচে বসবাসকারী প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়া হবে। ইউনিয়ন/পৌরসভা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রাথমিক তালিকা এবং জরিপ ফরমসমূহ যাচাই-বাছাই পূর্বক জেলা/উপজেলা কমিটি প্রার্থী নির্বাচন করে তালিকা চূড়ান্ত করে অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৯.৮. আর্থিক লেনদেন পরিচালনা:** উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসার, শহর পর্যায়ে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও শহর সমাজসেবা অফিসার ও জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় এর যৌথ স্বাক্ষরে সরকারী যে কোন তফসীলিভুক্ত ব্যাংকে একটি চলতি হিসাব খুলে এ সংক্রান্ত আয়-ব্যয় হিসাব পরিচালনা করবেন।

**৯.৯. পরিবীক্ষণ ও মূল্যায়ন :**

১. প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন শীর্ষক বিবেচ্য প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য সঠিকভাবে অর্জন হচ্ছে কী না তা নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়ণ করবে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতর। জেলা ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারগণ প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালকের নিকট প্রেরণ করবেন। উপপরিচালকগণ প্রতি মাসের নির্ধারিত সময়ের মধ্যে জেলা ও উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদন সমন্বিত ও একীভূত করে প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

করবেন। প্রকল্প পরিচালক বিভিন্ন জেলার উপপরিচালকগণের নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন সমন্বিত ও একীভূত করে সমাজসেবা অধিদফতরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন।

২. উপপরিচালক ও জেলা ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারদের পাশাপাশি জেলা স্টিয়ারিং কমিটি ও জেলা ও উপজেলা/শহর পর্যায়ে গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি এ প্রকল্পর সার্বিক বিষয়াদি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। তাছাড়া বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য গঠিত প্রকল্প মূল্যায়ন কমিটিও প্রতি বছর বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়ন পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

## ১০.০ প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য কমিটিসমূহ:

### ১০.১ ইউনিয়ন কমিটি:

#### ১০.১.১ ইউনিয়ন পরিষদ কমিটির গঠন:

| | | | |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | : | সভাপতি |
| ২. | স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি ২(দুই) জন(১ জন পুরুষ ও ১ জন মহিলা) | : | সদস্য |
| ৩. | উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ১ (এক) জন | : | সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | : | সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদের সদস্য/সদস্যা | : | সদস্য |
| ৬. | প্রান্তিক জনগোষ্ঠী সংশিষ্ট সংগঠন এর ১জন প্রতিনিধি (যদি থাকে) | : | সদস্য |
| ৭. | ইউনিয়ন সমাজকর্মী | : | সদস্য সচিব |

#### ১০.১.২ কমিটির কর্মপরিধি:

১. প্রশিক্ষণ ও অনুদান প্রদানের জন্য প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করে তালিকা প্রণয়ন;
২. প্রণীত তালিকা চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে সুপারিশসহ উপজেলা কমিটির নিকট পেশ;
৩. প্রাথমিকভাবে প্রার্থী বাছাই সংক্রান্ত অভিযোগের নিষ্পত্তিকরণ। তবে আপীলের প্রশ্ন দেখা দিলে তা নিষ্পত্তির জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করবে।
৪. বছরে অন্তত ২ (দুই) বার কমিটির সভা আহবান।

### ১০.২ উপজেলা কমিটি:

#### ১০.২. ১. উপজেলা কমিটির গঠন:

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | : | সভাপতি |
| ২. | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | : | সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | : | সদস্য |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ৫. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ৬. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | : | সদস্য |
| ৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | : | সদস্য |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১০. | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | : | সদস্য |
| ১১. | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের ১(এক) জন প্রতিনিধি | : | সদস্য |
| ১২. | প্রান্তিক জনগোষ্ঠী সংশিষ্ট সংগঠন এর ১জন প্রতিনিধি (যদি থাকে) | : | সদস্য |

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | | |
|---|---|---|---|
| ১৩ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | : | সদস্য |
| ১৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য সচিব |

বিঃ দ্রঃ ১) সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির প্রধান উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান উপদেষ্টা হিসেবে ভূমিকা পালন করবেন।

২) স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারি কলেজের অধ্যক্ষ এর প্রতিনিধি অগ্রগণ্য) স্থানীয় প্রবীন সংগঠন, সমাজকল্যাণ মূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

**১০.২.২ উপজেলা কমিটির কর্মপরিধি:**

১. ইউনিয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই-বাছাই পূর্বক তালিকা চূড়ান্ত করতে হবে। অতঃপর মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে অনুদান ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
২. অনুদান এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম তদারকিসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিষ্পত্তিকরণ;
৩. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রেরণ;
৪. বছরে অন্তত ২ (দুই) বার কমিটির সভা আহবান।

**১০.৩ পৌরসভা কমিটি (সকল শ্রেণীর পৌরসভার জন্য):**

**১০.৩.১ পৌরসভা কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ১ | প্রধান নির্বাহী কর্মকর্তা/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) (জেলা পর্যায়ের পৌরসভা) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা/উপজেলা নির্বাহী অফিসার (উপজেলা পর্যায়ের পৌরসভা) | : | সভাপতি |
| ২ | স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি ২ (দুই) জন (১জন পুরুষ ও ১ জন মহিলা) | : | সদস্য |
| ৩ | পৌরসভা মেয়রের প্রতিনিধি ১ (এক) জন | : | সদস্য |
| ৪ | পুলিশ সুপারের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌ্রসভার জন্য)/থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌ্রসভার জন্য) | : | সদস্য |
| ৫ | সিভিল সার্জনের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌ্রসভার জন্য)/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌ্রসভার জন্য) | : | সদস্য |
| ৬ | সংশ্লিষ্ট পৌ্রসভার কাউন্সিলর | : | সদস্য |
| ৭ | উপজেলা/জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ৮ | উপজেলা/জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | : | সদস্য |
| ১০ | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | : | সদস্য |
| ১১ | উপজেলা/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১২ | উপজেলা/জেলা মুক্তিযোদ্ধা সংসদের ১(এক) জন প্রতিনিধি | : | সদস্য |
| ১৩ | প্রান্তিক জনগোষ্ঠী সংশিষ্ট সংগঠন এর ১(এক) জন প্রতিনিধি (যদি থাকে) | : | সদস্য |
| ১৪ | সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য সচিব |

বিঃ দ্রঃ ১. স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারি কলেজের অধ্যক্ষ এর প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় প্রবীন সংগঠন, সমাজকল্যাণ মূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

২. নির্বাচন স্থগিত এমন পৌরসভার ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব পৌরসভার প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করবেন।

**১০.৩.২ কমিটির কর্মপরিধি :**

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১. প্রশিক্ষণ ও অনুদান প্রদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রের আলোকে বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই/বাছাই পূর্বক তালিকা চূড়ান্তকরণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ ও অনুদান প্রদান;
২. প্রশিক্ষণ ও অনুদান প্রদান কার্যক্রম তদারকিসহ যাবতীয় আপীল অভিযোগ নিষ্পত্তিকরণ;
৩. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রেরণ;
৪. বছরে অন্তত ২ (দুই) বার কমিটির সভা আহবান।

**১০.৪ জেলা স্টিয়ারিং কমিটি:**

**১০.৪.১ জেলা স্টিয়ারিং কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ১ | জেলা প্রশাসক/ পার্বত্য জেলার ক্ষেত্রে পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান | : | সভাপতি |
| ২ | পার্বত্য জেলার ক্ষেত্রে জেলা প্রশাসকের ১ (এক) জন প্রতিনিধি | : | সদস্য |
| ৩ | জেলার সকল স্থানীয় সংসদ সদস্যের ১(এক) জন করে প্রতিনিধি | : | সদস্য |
| ৪ | মেয়রের প্রতিনিধি (সিটি কর্পোরেশনভুক্ত জেলা) | : | সদস্য |
| ৫ | মেয়র (সিটি কর্পোরেশন বহির্ভূত জেলা পর্যায়ের পৌরসভা) | : | সদস্য |
| ৬ | জেলার সকল উপজেলা চেয়ারম্যান | : | সদস্য |
| ৭ | সিভিল সার্জন | : | সদস্য |
| ৮ | পুলিশ সুপার | : | সদস্য |
| ৯ | জেলা মুক্তিযোদ্ধা সংসদের ১ জন প্রতিনিধি | : | সদস্য |
| ১০ | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১১ | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | : | সদস্য |
| ১২ | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের প্রতিনিধি/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | : | সদস্য |
| ১৩ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১৪ | জেলা তথ্য অফিসার | : | সদস্য |
| ১৫ | মহাব্যবস্থপক/সহকারী মহাব্যবস্থাপক, সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | : | সদস্য |
| ১৬ | প্রান্তিক জনগোষ্ঠী সংশিষ্ট সংগঠন এর ১জন প্রতিনিধি (যদি থাকে) | : | সদস্য |
| ১৭ | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | : | সদস্য সচিব |

বিঃ দ্রঃ ১. কমিটিতে সরকারি কলেজের অধ্যক্ষ, প্রবীন সংগঠন, সমাজকল্যাণ মূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে প্রয়োজনে অনধিক ৩ (তিন) জন সদস্য কো-অপ্ট করা যাবে।

**১০.৪.২ কমিটির কর্মপরিধি:**

১. জেলার আওতাধীন উপজেলা ও শহর অঞ্চলের কার্যক্রম বাস্তবায়নের সার্বিক তত্ত্বাবধান;
২. কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভুত সমস্যা সমাধান;
৩. পরিদর্শন/মনিটরিং এবং উচ্চ পর্যায়ে সমন্বয় ও সুপারিশমালা প্রণয়ন;
৪. উপজেলা ও শহর অঞ্চলের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য প্রশিক্ষণ ও অনুদান প্রদানের ক্ষেত্রে আপত্তি নিষ্পত্তির জন্য অ্যাপিলেট বডি হিসেবে দায়িত্ব পালন;
৫. বছরে অন্তত ১ (এক) বার কমিটির সভা আহ্বান।

**১১.০ নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা:**

সরকার এই নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করবে। এতদ্বারা ইতোপূর্বে জারিকৃত নীতিমালা বাতিল করা হলো।

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরম: ০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়..................................
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের জরিপ ফরম

গ্রাম/মহল্লা :
ওয়ার্ড নং :
ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

ক্রমিক নং :
জরিপের তারিখ :
সূচক নং :
অর্থনৈতিক শ্রেণী : ক/ খ/ গ (টিক দিন)

পরিবার প্রধানের নাম : পিতা/স্বামীর নাম : মাতার নাম : ধর্ম : পরিবারের সদস্য সংখ্যা :
সম্প্রদায়ের নাম/ আদিপেশা : ভূমির পরিমাণ : মোবাইল/ফোন :

| ক্রমিক নং | সদস্যগণের নাম (পরিবার প্রধানসহ) | পরিবার প্রধানের সাথে সম্পর্ক | লিঙ্গ (পুরুষ/ মহিলা/হিজড়া) | জন্ম তারিখ/ বয়স | বৈবাহিক অবস্থা | শিক্ষাগত যোগ্যতা | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নং | বর্তমান পেশা | | বার্ষিক আয় | শারীরিক যোগ্যতা | | | সরকার কর্তৃক প্রদত্ত নিয়মিত অন্য কোন আর্থিক সুবিধা পান কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | প্রধান | সহায়ক | | কর্মক্ষম | কর্মক্ষমতাহীন | | | |
| | | | | | | | | | | | | আংশিক | সম্পূর্ণ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১ | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | | |

.............................................. .............................................................. ......................................................

ইউনিয়ন/পৌর সমাজকর্মী/টি আই এর স্বাক্ষর

ফিল্ড সুপারভাইজার এর স্বাক্ষর

শহর/উপজেলা সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইটিসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরম: ০২

# প্রান্তিক জনগোষ্ঠীর প্রশিক্ষণ গ্রহণের আবেদনপত্র

বরাবর,

সমাজসেবা কর্মকর্তা,
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়
..........................................

বিষয় : প্রশিক্ষণ গ্রহণের জন্য আবেদন।

| পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি |
|---|

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি একজন প্রান্তিক জনগোষ্ঠীর............... সম্প্রদায়ভুক্ত ব্যক্তি। আমার বর্তমান বয়স ................. বৎসর এবং পেশা ................................। আমি সরকার কর্তৃক প্রান্তিক জনগোষ্ঠীর জন্য আয়োজিত ....................................... ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক। আমার তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো :

১। নাম : .............................................
২। পিতার নাম : ........................................ ৩। মাতার নাম : ......................................
৪। জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন/ এস এস সি পরীক্ষার সনদ অনুযায়ী জন্ম তারিখ : ..............................
৫। জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর...................................................
৬। মোবাইল/ফোন...............................................
৭। ঠিকানা :
বর্তমান : ..................................................... স্থায়ী : .................................................
.................................................... ................................................
.................................................... ................................................
.................................................... ................................................
৮। শিক্ষাগত যোগ্যতা:.....................................
৯। বাৎসরিক গড় আয় : ................................
১০। সনাক্তকরণ চিহ্ন : .......................................

আবেদনকারীর স্বাক্ষর/ টিপসহি :

আবেদনকারীর নাম :

আবেদনকারী প্রশিক্ষণের যোগ্য/ অযোগ্য। তাকে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে/পারেনা।

ইউপি সদস্য/ চেয়ারম্যান/ পৌরসভা/
সিটি কর্পোরেশনের কাউন্সিলরের স্বাক্ষর
(নামের সীলমোহর)

মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর
সমাজসেবা কর্মকর্তা
(নামের সীলমোহর)

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরম: ০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়..................................

বিষয়: শহর/উপজেলা পর্যায়ে এ্যাপ্রেনটিসশীপ (শিক্ষানবিশ) প্রোগ্রামের প্রশিক্ষণার্থী ও ওস্তাদ (এমসিপি) এর তালিকা প্রেরণ "ছক"।

তালিকা প্রেরণ 'ছক'

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | পেশার ধরণ | ওস্তাদের নাম ও মোবাইল নম্বর | এ্যাপ্রেনটিসশীপ (শিক্ষানবিশ) প্রশিক্ষণার্থীর নাম | (শিক্ষানবিশ) প্রশিক্ষণার্থীর ঠিকানা | (শিক্ষানবিশ) প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|

সম্ভাব্য ট্রেডসমূহের নাম

| ক্রম | ট্রেড'এর নাম | আদি পেশার নাম |
|---|---|---|
| ১. | হেয়ার ড্রেসিং/ বিউটি কেয়ার | নাপিত |
| ২. | কুমার (মৃৎ শিল্প)/ ফর্মিং, বডি গ্লেজিং এন্ড ডেকোরেশন | কুমার |
| ৩. | জুতা মেরামত/প্রস্তুতকারী (ফুটওয়ার প্রোডাকশন এন্ড মেইন্টেনেন্স)/ লেদার গুডস এন্ড ফুট ওয়ার | জুতা মেরামত/প্রস্তুতকারী |
| ৪. | বাঁশ ও বেত প্রস্তুতকারক/ বেম্বু এন্ড কেন ওয়ার্কস | বাঁশ ও বেত প্রস্তুতকারক |
| ৫. | কাঁসা/পিতল প্রস্তুতকারী/ ব্রাসওয়ার প্রোডাকশন | কাঁশা/পিতল প্রস্তুতকারী |
| ৬. | কামার/ ব্ল্যাক স্মিথ | কামার |

প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর
(তারিখ ও সীলমোহরসহ)

প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর
(তারিখ ও সীলমোহরসহ)

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম ...
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরম: ০৪

বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণের নমুনা ছক,

ওয়ার্ড নং :
ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

প্রশিক্ষণ ট্রেডের নাম :
প্রশিক্ষণের সময়কাল :

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীর নাম | পিতা/স্বামীর নাম | মাতার নাম | বয়স/জন্ম তারিখ | গ্রাম/ মহল্লা | পেশা | বাস্তবায়ন কমিটির সভার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | |
| ১ | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| ৫ | | | | | | | | |
| ৬ | | | | | | | | |
| ৭ | | | | | | | | |
| ৮ | | | | | | | | |
| ৯ | | | | | | | | |
| ১০ | | | | | | | | |

প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর
(তারিখ ও সীলমোহরসহ)

প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর
(তারিখ ও সীলমোহরসহ)

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরম: ০৫

বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আর্থিক অনুদান সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণের নমুনা `ছক,

ওয়ার্ড নং :
ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

ট্রেডের নাম :
অনুদান প্রদানের তারিখ :

| ক্রমিক নং | অনুদান গ্রহণকারীর নাম | পিতা/স্বামীর নাম | মাতার নাম | বয়স/জন্ম তারিখ | গ্রাম/ মহল্লা | বাস্তবায়ন কমিটির সভার তারিখ | অনুদানের পরিমাণ | গ্রহণকারীর স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | | | | | | | | | |
| ২ | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | |

প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর
(তারিখ ও সীলমোহরসহ)

প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর
(তারিখ ও সীলমোহরসহ)

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম মকবুল
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফরম: ০৬

**APPENDIX IV**
**FORM ‘D’**
**REGISTER OF APPRENTICES**
**[Rule 24(1)]**

**Name and address of the Establishment-..............Hatil Furniture, 01.........................................................**

| Sl. No. | Name of Apprentice | Father's, mothers/ husband's Name | Permanent Address | Date of Birth | Educational Qualification | Apprentice able trade | Leave | Date of Joining as Apprentice | Registration No. of the Apprentice | Duration Of full Apprenticeship (in years) | Date on which the apprentice successfully completed | Monthly rate of Stipend | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | | | d...m&oRc | | | Masonry | | | | | | | |
| 2 | | | | | | | | | | | | | |
| 3 | | | | | | | | | | | | | |
| 4 | | | | | | | | | | | | | |
| 5 | | | | | | | | | | | | | |

Signature: ............
Name of the Industry: ..........................
Contact details (Address & Telephone number):

Seal of the industry:

মোসাঃ দৌলতুন নেসা
সমাজসেবা অফিসার (ইউসিডি)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

(মোহাঃ কামরুজ্জামান)
প্রকল্প পরিচালক
বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর
জীবনমান উন্নয়ন প্রকল্প

এস. এম গোলাম রব্বানী
সিনিয়র সহকারী প্রধান
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার